

## ট্রেডমার্ক আবেদন দাখিলের চেকলিস্ট

- ✓ আবেদন ফরমে নিম্নবর্ণিত তথ্য বা দলিলাদি না থাকিলে উহা প্রাপ্তির তারিখ বা আবেদন নম্বর প্রদান করা যাইবে না, যথাঃ-
  - ক) আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা;
  - খ) বিভিন্ন ধরনের পণ্য হিসাবে তালিকাভুক্ত পণ্য বা সেবার বিস্তারিত বিবরণ;
  - গ) পণ্য বা সেবার শ্রেণী;
  - ঘ) ট্রেডমার্কটির একটি পরিচ্ছন্ন প্রতিরূপ (ফটোকপি গ্রহণযোগ্য নয়);
  - ঙ) Priority দাবী করা হইলে, উহার স্বপক্ষে দলিল (এজেন্ট বা আইনজীবী কর্তৃক সত্যায়িত হতে হবে);
  - চ) আবেদন ফরমে আবেদনকারী নিজে অথবা ক্ষমতাপ্রাপ্ত ট্রেডমার্ক প্রতিনিধি অথবা ক্ষমতাপ্রাপ্ত আইনজীবীর স্বাক্ষর এবং প্রযোজ্য ফি।
  - ছ) আবেদনপত্রের সকল কলাম যথাযথভাবে পূরণ করতে হবে। কোন কলাম প্রযোজ্য না হলে প্রযোজ্য নয় লিখতে হবে।
- ✓ ক্ষয়নকৃত কোন আবেদন বা স্বাক্ষর গ্রহণযোগ্য নয়।
- ✓ ট্রেডমার্ক প্রতিনিধি বা আইনজীবী কর্তৃক আবেদন দাখিল করা হইলে, টিএম-১ ফরমের সহিত টিএম-১০ ফরম দাখিল করিতে হইবে। ট্রেডমার্ক প্রতিনিধি বা আইনজীবী কর্তৃক সত্যায়িত টিএম-১০ ফরম ছাড়া কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ✓ ফরম এবং দলিলের আকার, ভাষা, ইত্যাদি- ফরম ও দলিলের ধরণ হইবে নিম্নরূপ, যথাঃ-
  - ক) ISO A4 সাইজ এবং অনুন ৮০ জিএমএস সাদা রঙের কাগজ, যাহার বাম মার্জিন চার সেন্টিমিটার;
  - খ) বাংলা অথবা ইংরেজি ভাষায়; এবং
  - গ) টেকসই, পাঠযোগ্য ও স্থায়ী।
- ✓ দলিল স্বাক্ষরকরণ।- দাখিলকৃত ফরম নিম্নবর্ণিতভাবে স্বাক্ষরিত হইবে-
  - ক) ব্যক্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক;
  - খ) অংশীদারি সংস্থার ক্ষেত্রে, সকল অংশীদার কর্মকর্তা অথবা সকল অংশীদারের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত অংশীদার কর্তৃক;
  - গ) সংবিধিবদ্ধ সংস্থা, কোম্পানি, প্রতিষ্ঠান ইত্যাদির ক্ষেত্রে উহার পরিচালক, সচিব বা মুখ্য কর্মকর্তা অথবা ক্ষমতাপ্রাপ্ত উহার কোন কর্মকর্তা;
  - ঘ) প্রতিটি ফরমে স্বাক্ষরকারীর পূর্ণ নাম, পদবী এবং ক্ষেত্রমত, যে ক্ষমতাবলে স্বাক্ষর করা হইয়াছে উহার বিবরণ থাকিবে;
  - ঙ) অংশীদারি সংস্থার ক্ষেত্রে দাখিলকৃত ফরমে সকল অংশীদারের পূর্ণ নাম থাকিবে।
- ✓ প্রতিবর্ণীকরণ এবং অনুবাদ (Transliteration and Translation) । আবেদনকৃত ট্রেডমার্কে ইংরেজি অথবা বাংলা ব্যতীত অন্য কোন ভাষার বর্ণ, শব্দ বা বর্ণযুক্ত শব্দ থাকিলে আবেদন ফরমের সহিত নিম্নবর্ণিত দলিল দাখিল করিতে হইবে, যথাঃ-
  - ক) প্রতিটি বর্ণ বা শব্দের বাংলা অথবা ইংরেজিতে প্রতিবর্ণীকরণ ও অনুবাদ;
  - খ) সংশ্লিষ্ট বর্ণ বা শব্দ কোন ভাষার অন্তর্গত উহার বিবরণ।